

## সংবাদ বিবৃতি

### র‍্যাব হেফাজতে নারীর মৃত্যু

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর তীব্র ক্ষোভ এবং সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত, আইনানুগ ব্যবস্থা এবং জবাবদিহিতা নিশ্চিতের জোর দাবি

[২৭ মার্চ ২০২৩, ঢাকা] নওগাঁ শহর থেকে আটকের পর র‍্যাবের হেফাজতে থাকাকালে সদর উপজেলার চণ্ডীপুর ইউনিয়ন ভূমি কার্যালয়ের অফিস সহকারী সুলতানা জেসমিন (৪৫) এর মৃত্যু ঘটেছে। পরিবারের পক্ষ থেকে হেফাজতে নির্যাতনের ফলে এ মৃত্যু ঘটেছে বলে অভিযোগ করা হয়েছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনায় গভীর উদ্বেগ জানাচ্ছে। একইসাথে ফোরাম নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ এর আওতায় এ ঘটনার যথাযথ তদন্ত ও বিচার নিশ্চিত করার দাবি জানাচ্ছে। পাশাপাশি অবিলম্বে ডিজিটাল নিরাপত্তা আইন বাতিল করে এ আইনের আওতায় মানুষের জীবন, নিরাপত্তা, আইনের আশ্রয়লাভের ও স্বাধীনতার অধিকার খর্ব করার সুযোগ বন্ধ করার জোর দাবি জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যমসূত্রে জানা গেছে, গত ২২ মার্চ ২০২৩, বুধবার সকাল সাড়ে ১০টার দিকে শহরের মুক্তির মোড় থেকে সুলতানা জেসমিনকে আটক করা হয়। প্রতারণার অভিযোগের পরিপ্রেক্ষিতে জিজ্ঞাসাবাদের জন্য তাকে আটক করা হয়েছে বলে র‍্যাবের পক্ষ থেকে জানানো হয়েছে। আটকের পর মস্তিষ্কে গুরুতর রক্তক্ষরণে অসুস্থ হয়ে ২৪ মার্চ শুক্রবার সকালে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা গেছেন বলে র‍্যাব দাবি করলেও স্বজনদের অভিযোগ হেফাজতে নির্যাতনের কারণে তাঁর মৃত্যু হয়েছে। দায়িত্বরত চিকিৎসক সুলতানা জেসমিনের মাথাজুড়ে একাধিক ইন্ট্রাক্রানিয়াল রক্তক্ষরণ পাওয়া গেছে বলে জানিয়েছেন। এছাড়াও চিকিৎসক সুলতানার মাথার বাইরের দিকে ক্ষত থাকার কথাও জানান। উল্লেখ্য যে, পুলিশের পক্ষ থেকে গণমাধ্যমকে বলা হয়েছে, তারা আটকের বিষয়টি সম্পর্কে অবগত ছিলেন না, বরং গণমাধ্যম থেকে তারা এ তথ্যটি জানতে পেরেছেন। আরো জানা গেছে, ডিজিটাল নিরাপত্তা আইনের যে মামলায় জেসমিনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে সে মামলাটি দায়ের করা হয়েছে তাকে আটকের প্রায় ৩১ ঘণ্টা পর, ২৩ মার্চ বৃহস্পতিবার বিকালে এবং মামলাটি দায়ের করেছেন রাজশাহী বিভাগের বিভাগীয় কমিশনার অফিসের পরিচালক এনামুল হক।

পুরো ঘটনা বিশ্লেষণ করে এইচআরএফবি মনে করে, পরিবারের পক্ষ থেকে উত্থাপিত অভিযোগ যথাযথ আইনানুগ প্রক্রিয়া অনুসরণ করে খতিয়ে দেখে ন্যায়বিচার নিশ্চিত করা আবশ্যিক। একইসাথে মামলা দায়েরের পূর্বে আটক, বেআইনি জিজ্ঞাসাবাদ ও পুলিশকে না জানানো- সংবিধান, মানবাধিকার মূলনীতি, উচ্চ আদালতের নির্দেশনা ও বিদ্যমান আইনের লঙ্ঘন এবং ক্ষমতার অপব্যবহারের নিকৃষ্ট উদাহরণ। এক্ষেত্রে দ্রুততার সাথে সুষ্ঠু তদন্তসাপেক্ষে দায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে জবাবদিহিতা ও বিচার নিশ্চিত করা অত্যন্ত জরুরি। তদন্ত চলাকালে অভিযুক্ত র‍্যাব কর্মকর্তাদের দায়িত্ব থেকে অব্যাহতি দিতে হবে যাতে করে তারা তদন্তকে কোনোভাবে প্রভাবিত করতে না পারে। পাশাপাশি ফোরাম নিহত ব্যক্তিদের নিরাপত্তা ও যথাযথ ক্ষতিপূরণ নিশ্চিত করার দাবি জানাচ্ছে।

#### Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: <https://hrf-bd.org/>

#### Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

#### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).